৩১/৮/২০০৭
তারিখ ............
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ......

দৈনিক ইনকিলাব

# ভিসির পদত্যাগের দাবীতে ক্যাম্পাসে ছাত্রদলের মানববন্ধন কর্মসূচী পালন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগের একদফা দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচী পালন করে। ক্যাম্পাসে লাগাতার ছাত্র ধর্মঘটের ১১তম দিনে এ কর্মসূচী পালন করা হয়। মানববন্ধন-পূর্ব এক সমাবেশে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু বলেন, আওয়ামী লীগের

৩-এর পৃঃ ২-এর কঃ দেখুন



*ইনকিলাব ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগের দাবীতে গতকাল ক্যাম্পাসে ছাত্রদলের মানব বন্ধন*

**মানববন্ধন** প্রথম পৃষ্ঠার পর

দালাল আজাদ চৌধুরীর পক্ষে নিরপেক্ষভাবে বিশ্ববিদ্যালয় সচল রেখে ক্যাম্পাসকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করা সম্ভব নয় এটা প্রমাণিত সত্য। তিনি বলেন, ছাত্রদলের নিয়মতান্ত্রিক আন্দোলনে যদি ভিসি পদত্যাগ না করেন তাহলে অনিয়মের আগুন দাউদাউ করে জ্বলবে।

মানববন্ধনের পূর্বে ছাত্রদলের একটি বিশাল বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে মিলিত হয়। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে আরো বক্তব্য রাখেন এ বি এম মোশাররফ হোসেন, রেহেনা আক্তার রানু, মোস্তাফিজুল ইসলাম মামুন, শামসুজ্জামান মেহেদী। সমাবেশ শেষে কলাভবনের সম্মুখে মানববন্ধন রচনা করা হয়। ২০ মিনিটের মানববন্ধনে ছাত্রদলের কয়েকশ' নেতা-কর্মী অংশ নেন। সমাবেশে এ বি এম মোশাররফ হোসেন বলেন, আজাদ চৌধুরীকে ভিসি পদে রেখে কোন সমস্যার সমাধান হতে পারে না। সভাপতির বক্তব্যে মনির হোসেন বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ চিকিৎসার নামে ছাত্রদলকে ঘুষ দিতে চায়।